গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯
Website: www.fgc.gov.bd EIIN-106642, NU-4101 Email:fenigovcollege@yahoo.com

তারিখ:২৮/০১/২০২৬ খ্রি.

# ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

## কোর্সসমূহ : বিএ/বিএসএস/বিবিএস/সার্টিফিকেট কোর্স

ভর্তি বিষয়ক ওয়েবসাইট : (www.nu.edu.bd/admissions)

☞ ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন ফি:

১। বিএ/বিএসএস/বিবিএস(পাস)/সার্টিফিকেট কোর্স = ১১৭০/- টাকা

**১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২৩ সাল বা তৎপূর্বে HSC ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসংশ্লিষ্ট SSC ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র) এইচ.এস.সি. (ভোকেশনাল) ররা) ডিপ্লোমা-ইন-কমার্স ররর) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

গ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

**২। স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোন একটি বিষয় নিয়ে স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ: অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা

গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

ঘ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সঙ্গে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি:**

https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application

ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম এর রোল নং ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)"এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টার কার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে।

✓ অপশান লগ ইন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তির ফি জমা দিয়ে টাকা পেমেন্ট এর প্রিন্ট কপি ডাউনলোড করতে হবে এবং ডাউনলোডকৃত কপি আবেদন ফরম এর সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র
২। সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র
৩। রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি

আবেদন ফরম পূরণ জমাদানের স্থান ও তারিখ:

❖ প্রশাসনিক ভবন নিচ তলা ১০০৪ নং কক্ষ ডিগ্রি সেকশন তারিখ: ১৫ জানুয়ারি ২০২৬ থেকে ১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. পর্যন্ত ।

প্রয়োজনে যোগাযোগ : জনাব সাইফুল ইসলাম, হিসাব সহকারী
ফেনী সরকারি কলেজ, ফেনী
**মোবাইল : ০১৭১১০৭২৫৯৫**

বিশেষ দ্রষ্টব্য : নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম এবং অনলাইনে টাকা পেমেন্ট এর স্লিপ কলেজে অফিসে জমা দিতে ব্যার্থ হলে রেজিস্ট্রেশন অসম্পূর্ণ এবং বাতিল বলে গণ্য হবে।

(প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার)
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী

প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী।